

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.moef.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ শাহাব উদ্দিন এম.পি.
মন্ত্রী
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
তারিখ : ২৮-০৮-২০১৯ খ্রিষ্টাব্দ
সময় : বিকাল ০৩:০০ টা
স্থান : পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট-‘ক’।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মন্ত্রণালয়ের সচিব মহোদয় জানান যে, জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে এই মন্ত্রণালয়ের আওতায় বিভিন্ন কর্মসূচি গ্রহণের পরিকল্পনা নেয়া হয়েছে। তবে মন্ত্রণালয়ের অধীন বিশেষ কিছু কর্মসূচি গ্রহণ করার ব্যাপারে তিনি গুরুত্ব আরোপ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	র্যালি, আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিল	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে পরিবেশ অধিদপ্তর, বন অধিদপ্তর এবং সকল বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের সম্মুখ হতে র্যালী বের করা হবে। র্যালি শেষে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠান করার বিষয়ে সভায় আলোচনা হয়। তবে এ সকল কর্মসূচি জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে পরবর্তীতে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে হবে।	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী উদযাপনে জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে র্যালি, আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করতে হবে।	সকল দপ্তর/সংস্থা
২	দেশব্যাপী একই সময়ে একশত লক্ষ (এক কোটি) বৃক্ষের চারা রোপণ	বন অধিদপ্তর দেশব্যাপী একই সময়ে একশত লক্ষ (এক কোটি) বৃক্ষের চারা সম্মানিত সংসদ সদস্যবৃন্দ, জেলা প্রশাসন এর সহযোগিতায় সকল শিক্ষা প্রতিষ্ঠান ও ব্যক্তিগত পর্যায়ে একযোগে চারা রোপণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। এক কোটি চারার মধ্যে কিছু চারা নষ্ট হতে পারে তাই আরও ২০ লক্ষ চারা অতিরিক্ত উৎপাদনের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।	জুন-জুলাই/২০২০ সময়ের মধ্যে যে কোন একদিন দেশব্যাপী বৃক্ষের চারা রোপণের লক্ষে এক কোটি ২০ লক্ষ চারা উৎপাদন নিশ্চিত করার জন্য এখন হতেই প্রস্তুতি গ্রহণ করতে হবে।	বন অধিদপ্তর
৩	ব্যানার স্থাপন	১৭ মার্চ ২০২০, সকল দপ্তরের কেন্দ্রীয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহে ব্যানার, ফেস্টুন স্থাপন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী উদযাপনের জাতীয় কর্মসূচির সাথে মিল রেখে ব্যানার তৈরি করতে হবে।	সকল দপ্তর/সংস্থা

